দৈনিক
ইনকিলাব

তারিখ 19 APR 2008
পৃষ্ঠা - ৩ কলাম - ৫

# পশ্চিমবঙ্গে মাদরাসা সার্ভিস কমিশন অনুমোদন : শীঘ্রই একহাজার শিক্ষক নিয়োগ

কোলকাতা থেকে কালীপদ দাস

দাবী ছিল অনেক দিনের। অবশেষে মাদরাসা সার্ভিস কমিশনকে সবুজ সংকেত দেয়া হলো। সেই মতো এখন থেকে মাদরাসা স্কুলগুলোতে এই কমিশনের মাধ্যমেই শিক্ষক নিয়োগ করা হবে। এ ব্যাপারে রাইটার্স বিল্ডিংয়ে (মহাকরণে) মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের নেতৃত্বে মন্ত্রিসভার এক শীর্ষ পর্যায়ের বৈঠকে মাদরাসা কমিশনকে অনুমোদন দেয়া হয়েছে। বৈঠক শেষে মুখ্য সচিব অমিতকিরণ দেব জানান, মাদরাসা পৃঃ ১১ ঃ কঃ ৩

## পশ্চিমবঙ্গে মাদরাসা সার্ভিস

*প্রথম পৃষ্ঠার পর*

কমিশনে একজন চেয়ারম্যান ছাড়াও থাকবেন ৪ জন সদস্য। উল্লেখ্য, এতদিন মাদরাসা শিক্ষকদের নিয়োগ করা হতো স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে। মাদরাসা শিক্ষামন্ত্রী আব্দুস সাত্তার বলেন, খুব শীঘ্র এক হাজারেরও বেশী মাদরাসা শিক্ষক নিয়োগ করা হবে। গত বছর অক্টোবর মাসে মাদরাসাগুলোকে সংখ্যালঘু সংস্থার আওতায় আনা হয়েছিল। কমিশনের শর্ত অনুযায়ী ইসলামিক সংস্কৃতির বিস্তৃত জ্ঞানসহ কোনো বিশ্ববিদ্যালয় বা কলেজে ১২ বছর অধ্যাপনা করার অভিজ্ঞতা থাকতে হবে চেয়ারম্যানের নিযুক্তির ক্ষেত্রে। মাদরাসা সার্ভিস কমিশনের সদস্যসহ চেয়ারম্যানের কার্যকাল হবে ৪ বছরের। স্কুল সার্ভিস কমিশনের ধাঁচে মাদরাসা শিক্ষকদের নিয়োগের লক্ষ্যে মাদরাসা সার্ভিস কমিশন গঠন করা হয়েছে। পশ্চিমবঙ্গ মাদরাসা সার্ভিস কমিশন বিলটি বিধানসভার আগামী বর্ষা অধিবেশনে পেশ করা হবে। রাজ্য সরকারের এক উচ্চাধিকারী জানিয়েছেন, মাদরাসা সার্ভিস কমিশন স্কুল সার্ভিস কমিশনের মতোই কাজ করবে। নিরপেক্ষ তথা যোগ্য মাদরাসা শিক্ষকদের নিয়োগের উদ্দেশে একটি স্বতন্ত্র কমিশন গঠন করার দাবী আসছিল বহুদিন ধরেই। রাজ্য বিধানসভার বিল পেশ করার আগে কমিশন গঠনের জন্য রাজ্য সরকারের তরফ থেকে প্রাথমিকভাবে ৫ লাখ টাকা মঞ্জুর করা হয়েছে। আব্দুস সাত্তার বলেছেন, যোগ্য অভিজ্ঞতাসম্পন্ন মাদরাসা শিক্ষকের নিয়োগের উদ্দেশে দ্রুত একটি প্যানেলও তৈরী করা হবে।